

প্রস্তাবিত ক্লাশ অ্যাকশন নিষ্পত্তির বিজ্ঞপ্তি

1. আপনি কি নিউ ইয়র্ক সিটিতে বসবাস করেন?
2. আপনি কি নগদ সুবিধা গ্রহণ করেন, অথবা আপনি কি পরিবার সহায়তা প্রোগ্রাম (Family Assistance Program) এর মাধ্যমে নগদ সুবিধা পাওয়ার যোগ্য?

আপনি যদি প্রশ্ন 1 এবং 2 এর উত্তরে হ্যাঁ বলেন, তাহলে একটি প্রস্তাবিত ক্লাশ অ্যাকশন নিষ্পত্তি আপনাকে প্রভাবিত করতে পারে। বিশদ বিবরণের জন্য অনুগ্রহ করে সম্পূর্ণ বিজ্ঞপ্তিটি পড়ুন।

এই কেসটি কি সম্বন্ধে?

নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী এবং অক্ষমতা সহায়তা অফিস (Office of Temporary and Disability Assistance (“OTDA”)) এর কমিশনারের বিরুদ্ধে ক্লাশ অ্যাকশন মামলায় একটি নিষ্পত্তি এসেছে। মামলায় অভিযোগ করা হয়েছে যে OTDA নিউ ইয়র্ক সিটিতে বসবাস করা পরিবার যাদের নিউ ইয়র্ক সিটিতে থাকার জন্য হওয়া ভাড়া খরচ কভার করা যুক্তিসঙ্গত তাদেরকে ভাড়া সহায়তা প্রদানে ব্যর্থ হয়ে নিউ ইয়র্ক সামাজিক পরিষেবা আইন (New York Social Services Law) ভঙ্গ করেছে। মামলাটিকে বলা হয় *Daniela Tejada et al. v. Samuel Roberts*, ইন্ডেক্স নম্বর 453245/2015। মামলাটি নিউ ইয়র্ক স্টেটের সুপ্রিম কোর্ট বা সর্বোচ্চ আদালতে মূলতুবি রয়েছে। পার্টের আদালতের কাছে নিষ্পত্তির চুক্তি জমা করেছে অনুমোদনের জন্য।

নিষ্পত্তির দ্বারা কাদের ওপর প্রভাব পড়েছে?

আদালত শর্তাধীন ভাবে “নিউ ইয়র্ক সিটিতে বসবাস করা সব ব্যক্তি যারা বেনিফিট গ্রহণ করেন বা Family Assistance Program এর মাধ্যমে বেনিফিট পাওয়ার জন্য যোগ্য” তাদের একটি ক্লাশ হিসাবে প্রত্যায়িত করেছে (“ক্লাশের সদস্য”)।

Hughes Hubbard & Reed LLP এবং The Legal Aid Society ক্লাশের সদস্যদের প্রতিনিধিত্ব করেন।

নিষ্পত্তির শর্তগুলি কি?

আদালত নিষ্পত্তিটি অনুমোদন করার পর থেকে শুরু করে পাঁচ বছর পর্যন্ত স্থায়ী থাকবে। প্রস্তাবিত নিষ্পত্তির প্রধান শর্তগুলি হলো নিম্নরূপ:

1. উচ্ছেদ বা গৃহহীনতা প্রতিরোধ করার জন্য উপলব্ধ ভাড়া সম্পূরকের পরিমাণ বাড়বে।
2. উচ্ছেদ বা গৃহহীনতা প্রতিরোধ করার জন্য ভাড়া সম্পূরকের জন্য যোগ্য হতে একজন ক্লাশ সদস্যের সর্বাধিক মাসিক ভাড়া যা থাকতে হবে তা বাড়বে।
3. কোন উপার্জন না থাকা ক্লাশ সদস্য যারা উচ্ছেদ বা গৃহহীনতা প্রতিরোধের জন্য ভাড়া সম্পূরক গ্রহণ করেন তাদেরকে ভাড়া দেওয়ার জন্য অতিরিক্ত টাকা দিতে হবে না। উপার্জন থাকা ক্লাশ সদস্য যারা এইরকম ভাড়া সম্পূরক গ্রহণ করেন তাদেরকে এখনও তাদের উপার্জন থেকে একটা অংশ দিতে হবে (কিছু কিছু ক্ষেত্রে তাদের উপার্জনের 30% পর্যন্ত)।
4. উচ্ছেদ বা গৃহহীনতা প্রতিরোধ করার জন্য ভাড়া সম্পূরকের পরিমাণ এবং সর্বাধিক মাসিক ভাড়া যা ক্লাশ সদস্যদের থাকতে পারে এবং এখনও যারা সম্পূরক পান ভবিষ্যতে তা বাড়তে পারে।

5. যেসব ক্লাশ সদস্যরা ঘরুয়া অশান্তি থেকে বেঁচে আছে এবং যাদের নতুন অ্যাপার্টমেন্ট খুঁজতে হবে তারা এসব ক্ষেত্রে সাহায্যের জন্য ভাড়া সম্পূরক পাবেন।
6. যেসব ক্লাশ সদস্যের নাম তাদের অ্যাপার্টমেন্টের লীজে নেই এবং যাদের উচ্ছেদ প্রক্রিয়া চলছে তারা হয়তো বকেয়া ভাড়া প্রদানের জন্য সাহায্য পেতে পারেন।
7. ক্লাশ সদস্যরা উচ্ছেদ প্রতিরোধ করার জন্য যে পরিমাণ ভাড়া বকেয়া পেতে পারেন তা বাড়ানো হবে।
8. সব ক্লাশ সদস্যরা এই মামলাতে তাদের সমস্ত দাবী এবং পাঁচ বছরের জন্য নিউ ইয়র্ক সিটি মানব সম্পদ প্রশাসন (Human Resources Administration) এর বিরুদ্ধে একই রকম কোন দাবী থাকলে তা ছেড়ে দেবেন। এর অর্থ হলো যে পাঁচ বছর পর্যন্ত কোন ক্লাশ সদস্য তাদের কাছে উপলব্ধ ভাড়া সহায়তা রাশির “পর্যাপ্ততা” নিয়ে চ্যালেঞ্জ করে অন্য কোন মামলা করতে পারবেন না।

কিভাবে একটি নিষ্পত্তির বিরুদ্ধে আপত্তি করবেন

এই নিষ্পত্তিটি এখনও চূড়ান্ত হয় নি। আদালত যদি এটি অনুমোদন করে, তাহলে ক্লাশের সব সদস্যদের এই নিষ্পত্তির শর্তের অধীনে আনা হবে। আপনি যদি একজন ক্লাশ সদস্য হোন, এবং আপনার যদি মনে হয় যে এটা ন্যায্য, যুক্তিসঙ্গত বা উপযুক্ত নয় তাহলে আপনি নিষ্পত্তির বিরুদ্ধে আপত্তি জানাতে পারেন।

নিষ্পত্তির আপত্তি জানাতে, আপনাকে অবশ্যই আদালত এবং ক্লাশের কাউন্সেলের কাছে একটি চিঠি পাঠাতে হবে যেটাতে থাকতে হবে: (i) আপনার নাম, ঠিকানা, এবং টেলিফোন নম্বর; (ii) নিষ্পত্তি সম্পর্কে আপনার আপত্তির একটি বিবৃতি, এবং (iii) কোন নথি বা অন্য প্রমাণ যা আপনি চান যে আদালত বিবেচনা করুক। **চিঠিটি অবশ্যই 11 আগস্ট 2017 তারিখের পূর্বের পোস্টমার্ক হতে হবে এবং নীচে দেওয়া উভয় ঠিকানায় পাঠাতে হবে:**

The Clerk of the Court
New York County
Attn: Daniela Tejada et al. v. Samuel Roberts
60 Centre Street, Room 161
New York, NY 10007

Theodore V.H. Mayer
Fara Tabatabai
Hughes Hubbard & Reed LLP
One Battery Park Plaza
New York, NY 10004

নিষ্পত্তিটি নায্য কি না সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য আদালত 8 সেপ্টেম্বর 2017 তারিখ সকাল 10:30 টার সময় একটি শোনানী করবে। শোনানীটি অনুষ্ঠিত হবে মাননীয় বিচারপতি Jennifer G. Schechter এর সামনে নিম্নলিখিত ঠিকানায়:

Supreme Court of the State of New York
111 Centre Street, Room 623
New York, NY 10013

কিভাবে অতিরিক্ত তথ্য পাওয়া যাবে

প্রস্তাবিত নিষ্পত্তি চুক্তির একটি প্রতিলিপির জন্য বা নিষ্পত্তি সম্বন্ধে অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য অনুগ্রহ করে <http://bit.do/fepssettlement> দেখুন অথবা ক্লাশ মেম্বারের অ্যাটর্নিকে 844-400-4538 নম্বরে ফোন করুন।